

# গুরুদাসপুরে দুই ভুয়া এইচএসসি পরীক্ষার্থী দণ্ডিত

সংবাদ : প্রতিনিধি, নাটোর | ঢাকা, বুধবার, ১০ এপ্রিল ২০১৯

নাটোরের গুরুদাসপুরে এইচএসসি পরীক্ষার সময় শেখ গোলাম মোস্তফা ও পারভেজ মোশারফ নামে দুই ভুয়া পরীক্ষার্থীকে আটক করে এক বছর করে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। গত সোমবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক মিজানুর রহমান এই দণ্ডাদেশ প্রদান করেন। দণ্ডপ্রাপ্ত শেখ গোলাম মোস্তফা নাটোর শহরের বলারীপাড়া মহল্লার মশিউর রহমানের ছেলে ও রাজশাহী সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিশ্ব বিদ্যালয়ের ২য় বর্ষের ছাত্র এবং পারভেজ মোশারফ সদর উপজেলার একডালা গ্রামের মনোয়ার হোসেনের ছেলে ও রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউটের ইলেকট্রিক্যাল বিভাগের ৬ষ্ঠ সেমিস্টারের ছাত্র। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক মিজানুর রহমান জানান, চলমান এইচএসসি পরীক্ষার ইংরেজি ২য় পত্র পরীক্ষা চলাকালে রোজী মোজাম্মেল মহিলা কলেজ কেন্দ্রে শেখ গোলাম মোস্তফা ও পারভেজ মোশারফ নামে দুই পরীক্ষার্থীর আচরণ দেখে কক্ষ পরিদর্শক লাভলু প্রামাণিকের

সন্দেহ হয়। এ সময় তান তাদের প্রবেশপত্র  
দেখতে চাইলে তারা তা দেখাতে অসমর্থ হয়।